

কালৰ কৰ্ত্ত

ঢাকা। বৃহস্পতিবার ১৮ ফেব্রুয়ারি ২০১৬। ৬ ফাল্গুন ১৪২২। ৮ জমাদিউল আউয়াল ১৪৩৭

নেইমারের সম্পদ বাজেয়াণ্ট!



সেন্ট্রাল ভিগোর বিপক্ষে ইনজুরি টাইমে গোল করে স্বত্ত্বার নিঃশ্বাস ফেললেন নেইমার। চোখে-মুখে আনন্দের ঝিলিক দেখে মনে হচ্ছিল বড় একটা বোঝা নামল মন থেকে। বোঝাই তো! গোল পাওছিলেন না, মাঝে আবার মিস করেছেন পেনাল্টি। মাঠের এ খারাপ সময়ের সঙ্গে আদালত-কর জটিলতা মিলে চরম দুঃসময় পার করছিলেন ব্রাজিলিয়ান তারকা। গোলে ফিরলেও আদালত জটিলতা পিছু ছাড়ছে না তাঁর। দিন কয়েক আগে ব্রাজিলে কর ফাঁকির মামলার আপিল খারিজ হয়ে যাওয়ার পর গতকাল সাও পাওলো আদালত তাঁর ৫০ মিলিয়ন ডলারের সম্পদ বাজেয়াণ্ট করার সমন জারি করেছেন।

ব্রাজিলিয়ান মিডিয়ার খবর, নেইমারের সম্পদের মধ্যে রয়েছে তাঁর ব্যক্তিগত জেট, প্রমোদতরী ও কিছু সম্পত্তি। ২০১১ ও ২০১৩ সালের মধ্যে আয় কম দেখিয়ে বার্সেলোনা তারকা কর ফাঁকি দিয়েছিলেন—অভিযোগে চলা মামলার রায় আগেই জানিয়েছিলেন আদালত। গত বছর রায়ে আদালত নেইমারকে জরিমানা করলেও ব্রাজিলিয়ান ফরোয়ার্ড এর বিরুদ্ধে আপিল করেছিলেন। সেই আপিল খারিজ হয়ে যায় দিন কয়েক আগে। এখন তাই আদালত তাঁর সম্পদ বাজেয়াপ্ট করার সমন জারি করেছে। যদিও নেইমার নির্দোষ দাবি করেছেন নিজেকে। বাজেয়াপ্ট করার সম্পদের মধ্যে রয়েছে তাঁর জেট, যেটিতে চড়ে ২৩ বছর বয়সী তারকা গেছেন বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ খেলতে ও অবকাশ যাপনে। সঙ্গে রয়েছে সাও পাওলো, সান্তোস, সাও ভিসেন্টে ব্যক্তিগত কিছু সম্পত্তি।

জরিমানা মিটিয়ে দিলেই অবশ্য মুক্তি মিলবে নেইমারের। ব্রাজিলের কর কর্তৃপক্ষের কর্তা ইয়াগারো জুং মার্টিনস জানিয়েছেন তেমনটাই, ‘তিনি এখনো আপিল করতে পারবেন, তবে সেটা পরের ধাপ। গত বছর আদালত যে রায় দিয়েছিলেন, সেটাই বহাল আছে। যদি তিনি পাওনা পরিশোধ করে দেন, তাহলে মামলা বন্ধ হয়ে যাবে। আমাদের আইন এতটা কঠোর নয়।’ এএফপি